যুগান্তর
প্রিন্ট: ২২ সেপ্টেম্বর ২০২৫, ০১:৫৫ পিএম

শিক্ষাঙ্গন

# চাকসু নির্বাচনে ‘অহিংস শিক্ষার্থী ঐক্য’ নামে প্যানেল ঘোষণা

চবি প্রতিনিধি
প্রকাশ: ২১ সেপ্টেম্বর ২০২৫, ০৮:২৬ পিএম



X

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে ‘অহিংস শিক্ষার্থী ঐক্য’ নামে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করা হয়েছে।

রোববার (২১ সেপ্টেম্বর) দুপুর ১টায় চবির বুদ্ধিজীবী চত্বরে এ প্যানেল ঘোষণা করা হয়।

অহিংস শিক্ষার্থী ঐক্য মনোনীত পূর্ণাঙ্গ প্যানেলে ভিপি (সহ-সভাপতি) পদে লড়বেন মুহাম্মদ ফরহাদুল ইসলাম, জিএস (সাধারণ সম্পাদক) পদে লড়বেন মুহাম্মদ ইয়াছিন উদ্দীন সাকিব এবং এজিএস পদে নির্বাচনে অংশ নেবেন শহীদুল ইসলাম শাহেদ।

অন্য সম্পাদকীয় পদের মধ্যে খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক পদে খায়রুল আমীন হৃদয়, সহ-খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক মুহাম্মদ ফয়সাল হোসেন, সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক পদে মুহাম্মদ এহছানুল হক, সহ-সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক পদে মুহাম্মদ ইমরান হোসেন, দপ্তর সম্পাদক পদে এস এম আলী হোসাইন জিসান, সহ-দপ্তর সম্পাদক পদে মুহাম্মদ ইব্রাহীম রুবেল, সমাজসেবা ও পরিবেশ সম্পাদক পদে জাকিয়া সুলতানা, গবেষণা ও উদ্ভাবন বিষয়ক সম্পাদক পদে মুরিদুল হাসান মুরাদ, বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি বিষয়ক সম্পাদক পদে সৈয়দা সুরাইয়া হোসাইন, ছাত্রীকল্যাণ বিষয়ক সম্পাদক পদে জান্নাতুন নাঈম খুকি, সহ-ছাত্রীকল্যাণ বিষয়ক সম্পাদক পদে মিফতাহুল জান্নাত, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ তারেক হাসান, মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ জহির উদ্দীন, ক্যারিয়ার ডেভেলপমেন্ট ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে জুলহাসনাঈন সায়েম, যোগাযোগ ও আবাসন বিষয়ক সম্পাদক পদে ইসমাইল ফাহিম, সহ-যোগাযোগ ও আবাসন বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ আল-মামুন, আইন ও মানবাধিকার বিষয়ক সম্পাদক পদে মুহাম্মদ ইমাম হোসাইন, পাঠাগার ও ক্যাফেটেরিয়া বিষয়ক সম্পাদক পদে মোহাইমিনুল কবির।

চাকসুতে নির্বাহী সদস্য পদে দৌলতুল ইসলাম সাকলাইন, তাউছিফুর রহমান, হানিফ ইসলাম, মুহাম্মদ সাইদুল ইসলাম এবং মুহাম্মদ সাব্বির রহমান নির্বাচনে অংশ নেবেন।

এ সময় অহিংস শিক্ষার্থী ঐক্য মনোনীত পূর্ণাঙ্গ প্যানেলে জিএস পদে মনোনীত মুহাম্মদ ইয়াছিন উদ্দীন সাকিব বলেন, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে বিগত দিনগুলোতে অনেক শিক্ষার্থীকে কেবল রাজনৈতিক মত-ভিন্নতার কারণে ব্যাপক লাঞ্চনা ও নির্যাতনের শিকার হতে হয়েছে।

আমরা সেই নির্যাতনের ধারা থেকে বেরিয়ে এসে একটি সহাবস্থানের রাজনৈতিক পরিবেশ নিশ্চিত করতে চাই। চবি হবে এমন এক ক্যাম্পাস রাজনৈতিক মত-ভিন্নতার কারণে কাউকে আক্রমণ কিংবা নির্যাতনের শিকার হতে হবে না।